অবতরণিকা

'বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা' ২০০৮ বাংলাদেশ জাতীয় বাজেটের সহায়ক দলিল হিসেবে প্রকাশিত হ'ল। অর্থ বিভাগ কর্তৃক প্রকাশিত এ জাতীয় দলিলে বাংলাদেশের অর্থনৈতিক এবং সামাজিক উন্নয়ন অগ্রগতির চিত্র তুলে ধরা হ'ল। এছাড়া, সামষ্টিক ও রাজস্ব ব্যবস্থাপনা সংশ্লিষ্ট বিভিন্ন তথ্য/উপাত্ত ও বিশ্লেষণধর্মী কিছু সূচক সন্নিবেশিত হ'ল। এ সমীক্ষাটি নীতি প্রণয়নকারী, পরিকল্পনাবিদ, অর্থনীতিবিদ, গবেষক ও গবেষণা প্রতিষ্ঠান ও শিক্ষার্থীদের জন্য সহায়ক হবে বলে আমি বিশ্বাস করি।

২। চলতি অর্থবছরের সমীক্ষায় মোট ১৫টি অধ্যায় এবং ৬৩টি পরিশিষ্ট রয়েছে। দেশের সামষ্টিক অর্থনীতির গতি-প্রকৃতির সংক্ষিপ্ত পর্যালোচনা প্রথম অধ্যায়ে উপস্থাপন করা হয়েছে। দ্বিতীয় থেকে ষষ্ঠ অধ্যায়সমূহে দেশের সামষ্টিক অর্থনীতির খাতসমূহ, যেমন- দেশজ উৎপাদ, সঞ্চয়, বিনিয়োগ, মূল্য-মজুরি ও কর্মসংস্থান, রাজস্ব ও মুদ্রা পরিস্থিতি এবং বৈদেশিক বাণিজ্য সম্পর্কিত বিষয়াদি উপস্থাপন করা হয়েছে। খাত ভিত্তিক অধ্যায়সমূহে (সপ্তম থেকে একাদশ) অর্থনীতির প্রধান প্রধান উৎপাদনমুখী খাত হিসেবে কৃষি, শিল্প, বিদ্যুৎ ও জ্বালানি এবং পরিবহন ও যোগাযোগ সংক্রান্ত পরিস্থিতি উপস্থাপন করা হয়েছে। মানব সম্পদ উন্নয়ন, দারিদ্র পরিস্থিতি ও দারিদ্র বিমোচন কার্যক্রম এবং বেসরকারি খাত ও পরিবেশ উন্নয়ন বিষয়ে সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপের বিবরণ দ্বাদশ থেকে পঞ্চদশ অধ্যায়ে তুলে ধরা হয়েছে। এ প্রকাশনার পরিসংখ্যান পরিশিষ্টসমূহে অনেক ক্ষেত্রে ১৯৭২-৭৩ সাল থেকে কালীন সারি (Time Series) তথ্য সন্নিবেশ করা হয়েছে, যা অধিকতর ব্যবহারকারী-বান্ধব (user friendly) হবে বলে আমার বিশ্বাস।

৩। অর্থ বিভাগের অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগের কর্মকর্তা/কর্মচারীদের অক্লান্ত ও নিরলস প্রচেষ্টার ফলে বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০০৮ প্রকাশিত হ'ল। এর জন্য জনাব ফকরুল আহসান, অর্থনৈতিক উপদেষ্টা, অর্থ বিভাগ এবং তাঁর সহকর্মী কর্মকর্তা ও কর্মচারীদের ধন্যবাদ জ্ঞাপন করছি। যে সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা বিভিন্ন ধরণের তথ্য/উপাত্ত সরবরাহ করে এ সমীক্ষা প্রণয়নে সহায়তা করেছেন তাদের প্রতি রইল আমার আন্তরিক কৃতজ্ঞতা।

৪। নানাবিধ সীমাবদ্ধতা ও নির্দিষ্ট সময়সীমার মধ্যে এ সমীক্ষা প্রণীত হয়েছে। সঙ্গত কারণেই এতে কিছু ভুল-ত্রুটি থাকা স্বাভাবিক। ভবিষ্যতে সমীক্ষার গুণগত মান আরো বৃদ্ধি ও তথ্যগত সমৃদ্ধির বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ, সংস্থা, গবেষক, অর্থনীতিবিদ, সমালোচক ও অনুসন্ধিৎসু পাঠকের পরামর্শ আমরা সানন্দে গ্রহণ করব।

(ডঃ মোহাম্মদ তারেক)
সচিব
অর্থ বিভাগ